

শিক্ষামন্ত্রী জানালেন
প্রতি নির্বাচনী
এলাকায় ২৬টি
শিক্ষাপ্রতিষ্ঠানে
নতুন ভবন হবে

নিজস্ব প্রতিবেদক >

প্রতি নির্বাচনী এলাকায় ২০টি বেসরকারি, মাধ্যমিক বিদ্যালয় ও ছয়টি মাদ্রাসায় নতুন ভবন নির্মাণ করা হবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ। তিনি বলেন, যেসব বিদ্যালয়ে এখনো উন্নয়ন হয়নি এমন ১০টি এবং যেসব বিদ্যালয়ে শিক্ষার্থীর সংখ্যা বেশি এমন ১০টি স্কুলকেই এ তালিকায় অগ্রাধিকার দেওয়া হবে। এ ছাড়া সব কলেজ ও সরকারি শিক্ষাপ্রতিষ্ঠানেরও উন্নয়নকাজ হাতে নেওয়া হবে।

গতকাল, শনিবার রাজধানীর আইডিইবি, মুক্তিযুদ্ধ স্মৃতি মিলনায়তনে শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (ইইডি) ডিমোমা প্রকৌশলী সমিতির জাতীয় সম্মেলন ২০১৫-১৬-এ ২১তম কাউন্সিল অধিবেশনে প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী এসব কথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, বর্তমানে জেলাভিত্তিক শিক্ষা প্রকৌশল কার্যালয় থেকে তৃণমূল পর্যায়ের শিক্ষা অবকাঠামোর নির্মাণকালীন তদারকি অভ্যন্তরীণ। তাই উপজেলা পর্যায়ের শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কার্যালয় সম্প্রসারণের উদ্যোগ নেওয়া হয়েছে। তবে যার যে এলাকায় পোষ্টিং থাকে সেখানেই থাকতে হবে। গুণগত মানসম্পন্ন কাজের নিশ্চয়তা দিতে হবে। আমরা কোনো ঠিকাদারকে চিনি না। ইঞ্জিনিয়ারদের কাছ থেকেই কাজ বুঝে নেওয়া হবে।

প্রকৌশলীদের উদ্দেশ্যে নাহিদ বলেন, আপনার বেতন বেড়েছে। তাই কর্মক্ষমতা বাড়াতে হবে। উদ্যোগী হতে হবে। আর আপনারাও শিক্ষা পরিবারের অংশ। কারণ আপনারা শুধু শিক্ষাপ্রতিষ্ঠানই নির্মাণ করেন। তবে স্কুল ঘরটা যেন দৃষ্টিনন্দন হয় সে ব্যাপারটি লক্ষ রাখবেন। এ প্রসঙ্গে তিনি বলেন, ফ্যাসিলিটিজ বিভাগকে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরে উন্নীত করার কেবল কাজের পরিধি বেড়েছে তা নয়, ভাবমূর্তিরও ব্যাপক ইতিবাচক পরিবর্তন হয়েছে।